

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 29-10-2025

Time: 1.40 P.M.

এস আই আর পর্বে প্রত্যেক ভোটারের নামে আলাদা এনিউমারেশন ফর্ম বরাদ্দ করা হবে। নির্বাচন কমিশন জানিয়েছে এই ফর্ম ফিল আপ সব ভোটারের ক্ষেত্রে বাধ্যতামূলক। গতকাল থেকেই সাড়ে সাত কোটির বেশি ফর্ম ছাপানোর কাজ শুরু হয়েছে। ৪ নভেম্বর থেকে বুথ লেভেল অফিসার বা বিএলওরা ওই ফর্ম ভোটারদের বাড়ি বাড়ি সরবরাহ করবেন। তাতে সংশ্লিষ্ট ভোটারের নাম, পাট নম্বর, বিধানসভা ও লোকসভা কেন্দ্রের তথ্য আগে থেকেই ছাপানো থাকবে। ফর্মে ভোটারদের জন্ম তারিখ, নিজের নাম, বাবা-মায়ের নাম এবং সাম্প্রতিক ছবি দিতে হবে। রাজ্যে শেষ এসআইআরের বছর অর্থাৎ ২০০২ সালের ভোটার তালিকায় যেসব ভোটারের নাম রয়েছে, তাঁদের কোনও নথি লাগবে না। ফর্ম পূরণ করতে গিয়ে অসুবিধায় পড়লে সংশ্লিষ্ট ভোটারদের সাহায্য করতে বাধ্য থাকবেন বিএলওরা।

এদিকে, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচিতে কোনো বৈধ ভোটারের নাম বাদ যাবে না। সংবিধান অনুযায়ী যাদের ভোটাধিকার স্বীকৃত তাদের আতঙ্কের কোনো কারণ নেই বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

স্বচ্ছতার সঙ্গে নির্ভুল ভোটের তালিকার দাবীতে ১০ টি বামপন্থী দলের পক্ষ থেকে আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের কাছে বিক্ষোভ কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম জানিয়েছেন, দুপুর ২'টোয় শুরু হবে এই কর্মসূচী।

উত্তর ২৪ পরগণার পানিহাটিতে আত্মঘাতী ব্যবসায়ী প্রদীপ করের নাম ২০০২ এর ভোটের তালিকায় আছে বলে বিজেপি জানিয়েছে। দলের কলকাতা উত্তর শহরতলী সাংগঠনিক জেলার সভাপতি চন্ডী চরণ রায় আজ সকালে সাংবাদিকদের ঐ ভোটের তালিকায় প্রদীপ করের নাম দেখান। তিনি বলেন, এসআইআর-এর আতঙ্কে প্রদীপ বাবু আত্মহত্যা করেছেন বলে যে দাবি করা হয়েছে, তা সঠিক কিনা, সেই নিয়ে যথেষ্ট সংশয় রয়েছে। প্রদীপ বাবু আত্মহত্যা করেছেন কিনা এবং সুইসাইড নোট আদৌ তারই লেখা কিনা, তাও তদন্ত করে দেখা হোক। তৃণমূল কংগ্রেস পরিকল্পনামাফিক এস আই আর-এর ব্যাপারে তাদের বক্তব্য প্রতিষ্ঠিত করতে মৃতদেহ নিয়ে রাজনীতি করছে বলে চন্ডী চরণ বাবু অভিযোগ করেন।

বাইট

উল্লেখ্য, পানিহাটিতে গতকাল প্রদীপ কর নামে ঐ ব্যবসায়ীর অস্বাভাবিক মৃত্যুতে চাঞ্চল্য ছড়িয়েছে। তিনি নিজের ঘরেই আত্মঘাতী হন বলে পরিবারের তরফে দাবী করা হয়েছে। সেখান থেকে উদ্ধার হওয়া কাগজ এবং পরিবার সূত্রে জানা গেছে, গত কয়েক মাস ধরেই তিনি NRC নিয়ে আতঙ্কে ছিলেন।

ব্যারাকপুরের পুলিশ কমিশনার মুরলীধর শর্মা জানিয়েছেন, ঘটনার প্রকৃত কারণ ময়না তদন্তের রিপোর্ট আসার পরই জানা যাবে।

রাজ্য সরকার নিম্নচাপের কারণে সম্ভাব্য অতিবৃষ্টির সতর্কতায় অযথা আতঙ্কিত না হয়ে কৃষকদের জমি থেকে ইতিমধ্যে কাটা ধান, সবজি, আলু সুরক্ষিত জায়গায় খামারজাত করার পরামর্শ দিয়েছে।

কৃষি দপ্তর থেকে কৃষকদের উদ্দেশে জারি করা এক বিবৃতিতে, এখন ধান কাটা থেকে বিরত থাকতে বলা হয়েছে। সবজির মাচা, পানের বরজকে বেঁধে রাখতে বলা হয়েছে শক্ত করে। জমিতে জল জমলে তা দ্রুত বার করে দিতে হবে বলে জানানো হয়েছে।

নাইট্রোজেন সংক্রান্ত সার প্রয়োগ বন্ধ করে আবহাওয়ার উন্নতি হলে প্রয়োজনে কৃষকদের ছত্রাকনাশক স্প্রে করার পরামর্শ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, আবহাওয়া দপ্তর কৃষকদের আগেই মাঠ থেকে পাকা শস্য তুলে নেওয়ার পরামর্শ দিয়েছিল। কিন্তু যেসব ফসল তুলে নেওয়া সম্ভব হয়নি, তার ক্ষতি হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

অতি প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় ‘মহা’ মছলিপত্তনম ও কলিঙ্গপত্তনমের মধ্যবর্তী এলাকায় গতরাতে অন্ধ্রপ্রদেশ ও ইয়ানন উপকূল অতিক্রম করে স্থলভাগে প্রবেশ করেছে। কাকিনারার কাছে আছড়ে পরার সময় এর গতিবেগ ছিল ঘন্টায় ৯০ কিলোমিটার। এরপর এটি ধীরে ধীরে শক্তি হারিয়ে অতি গভীর নিম্নচাপে পরিণত হয়ে

উত্তর-উত্তর পশ্চিমের তেলেঙ্গানা ও দক্ষিণ ছত্তিশগড়ের দিকে অগ্রসর হচ্ছে। ক্রমশঃ তা' আরো শক্তি ক্ষয় করে ৬'ঘন্টার মধ্যে গভীর নিম্নচাপে পরিণত হবে।

মহ্কার প্রভাবে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় গতসন্ধ্যা থেকেই মেঘলা আকাশ এবং বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে। আজ সকালের পর কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বেড়েছে। অনেক জায়গায় বজ্র বিদ্যুত্ সহ বৃষ্টি হচ্ছে। সেইসঙ্গে বইছে ঝোড়ো হাওয়ায়'ও।

দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্ত বৃষ্টির সঙ্গে বজ্রপাতের সতর্কতা জারি রয়েছে। দক্ষিণ ২৪ পরগণা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়খামে আজ ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

ঘূর্ণিঝড়ের ফলে বঙ্গোপসাগর থেকে বেশি মাত্রায় জলীয়বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গেও বৃষ্টির পরিমাণ বাড়বে। মালদা, দুই দিনাজপুর এবং জলপাইগুড়ি জেলায় মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

কলকাতায় আজ বেলা সাড়ে ১১ টা পর্যন্ত বৃষ্টি ৬ দশমিক ৫ মিলিমিটার। আগামীকাল পর্যন্ত বিক্ষিপ্ত বৃষ্টি হবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

বাইট - হবিবুর

মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

সতর্কতা মূলক ব্যবস্থা হিসাবে কলকাতা ও হলদিয়া বন্দরে তিন নম্বর সংকেত জারি করা হয়েছে।

আর্থিক তহরূপের অভিযোগে ইডি আজও কলকাতায় তল্লাশি চালাচ্ছে। তারাতলার একটি অফিসে গতরাত থেকেই তল্লাশি শুরু হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত তা চলেছে। এখনও পর্যন্ত উদ্ধার হয়েছে প্রটুর পরিমাণে টাকা। আনা হয়েছে টাকা গোনার মেশিন।

গতকালও ইডি বেলেঘাটায় ব্যবসায়ী দুই ভাই বিশ্বজিত ও রণজিত চৌধুরীর হেমচন্দ্র নস্কর রোডের বাড়িতেও তল্লাশি চলায়। এছাড়াও তাঁদের বাড়ির উল্টোদিকের একটি অফিসেও যায় ইডির দল। প্রিন্সিপ ঘাটের কাছে একটি অফিস থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ নথি বাজেয়াপ্ত করেন আধিকারিকরা।

জগদ্ধাত্রী পূজোর আজ অষ্টমী। ঐতিহ্যবাহী পূজো উদযাপন ঘিরে মেতে উঠেছে চন্দননগর ও সংলগ্ন মানকুণ্ড, ভদ্রেশ্বর। ঘূর্ণিঝড় মস্তুর প্রভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পাশাপাশি ঝোড়ো হাওয়া বইতে শুরু করেছে। তবে বৃষ্টির ঝকুটি উপেক্ষা করেই নেমেছে দর্শনার্থীদের ঢল।

চন্দননগর থেকে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন-

(ভিসি- রক্তিম)

উৎসবের মধ্যেই কলুপুকুর এলাকায় লরির সঙ্গে মোটর বাইকের ধাক্কায় এক মহিলার মৃত্যুর ঘটনায় উত্তেজনা দেখা দিয়েছে। কলুপুকুর থেকে বিদ্যালঙ্কার মোড় পর্যন্ত মেন রোড, বন্ধ করে দেওয়া হয়েছে।

এদিকে, নদীয়ার কৃষ্ণনগরে আগামীকাল থেকে শুরু হওয়া জগদ্ধাত্রী পূজো উপলক্ষ্যে প্রস্তুতি শেষ পর্যায়ে। ইতোমধ্যেই পূজোর গাইড ম্যাপ প্রকাশ করেছে পুলিশ।

ঘোষণা করা হয়েছে বিশেষ পুরস্কারের। গতকাল প্রশাসনের কর্তাব্যক্তির সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেন। পরিদর্শন করেন কৃষ্ণনগর রাজবাড়ি থেকে জলঙ্গীর বিসর্জন ঘাট পর্যন্ত শোভাযাত্রার রাস্তা।

আগামীকাল থেকেই হুগলীর রিষড়াতেও শুরু হচ্ছে জগদ্ধাত্রীর উৎসব। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতায় একাধিক পুজো উদ্বোধনের পাশাপাশি ভারুয়ালি চন্দননগর ও কৃষ্ণনগরের বেশ কয়েকটি পুজোর উদ্বোধন করবেন।
